গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**(www.moca.gov.bd)**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খলিল আহমদ<br>সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ১১ মার্চ ২০২৪, বেলা ১২.০০টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ এবং ভার্চুয়াল প্লাটফর্ম<br>(ভবন-৬, ১১ তলা, কক্ষ-১০১৭) |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, প্রতিবছরের ন্যায় এ বছরও ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযথ মর্যাদায় উদ্‌যাপন করা হবে। অত:পর সভাপতি সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুষ্ঠান শাখার উপসচিব-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (অনুষ্ঠান) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

২.০ কার্যপত্রে উপস্থাপিত কর্মসূচিসমূহ বিস্তারিত আলোচনা ও দপ্তর/সংস্থার প্রস্তাবনাসমূহের সমন্বয়ে যথাযোগ্য মর্যাদায় সাড়ম্বরে জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও ঢাকাস্থ দপ্তর/সংস্থা কর্তৃক ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে সকাল ৮.০০টায় পুষ্পস্তবক অর্পণ (লাজ ফার্মার সামনে সকলে একত্রিত হবেন) করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থা |
| ২.২ | ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে নির্ধারিত প্রতিপাদ্য<br>**"বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে<br>আনব হাসি সবার ঘরে"**<br>এই প্রতিপাদ্য উল্লেখ/সংযোজন করে সকল কর্মসূচি গ্রহণ করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |
| ২.৩ | জাতির পিতার জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২৪ তারিখে দোয়া/বিশেষ প্রার্থনা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |

| | | |
|---|---|---|
| ২.৪ | ১৭ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তরের প্রধান অফিস ও লালবাগ কেল্লা ০১ (এক) দিনের জন্য আলোকসজ্জা করতে হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং প্রত্নতত্ত্ব অধিদপ্তর। |
| ২.৫ | জাতির পিতার সমাধি প্রাঙ্গন টুঙ্গীপাড়ায় আয়োজিত বইমেলায় অংশগ্রহণ (প্রয়োজনে জেলা প্রশাসন গোপালগঞ্জ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করা যেতে পারে) করতে হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি, বাংলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর, গণগ্রন্থাগার অধিদপ্তর, জাতীয় গ্রন্থকেন্দ্র, প্রত্নতত্ত্ব অধিদপ্তর এবং কবি নজরুল ইন্সটিটিউট। |
| ২.৬ | আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল জাদুঘরের গ্যালারী সকাল-সন্ধ্যা খোলা রাখা হবে। শিশু, শিক্ষার্থী ও বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য কোন প্রবেশ ফি থাকবে না। | বাংলাদেশ জাতীয় জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন। |
| ২.৭ | আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখ 'বঙ্গবন্ধুর কর্মময় জীবনের ওপর' সেমিনার ও আলোচনা সভা এবং সকল শাখা জাদুঘরে শিশু-কিশোরদের মাঝে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | বাংলাদেশ জাতীয় জাদুঘর। |
| ২.৮ | ক) ১৭ থেকে ২৬শে মার্চ ২০২৪ বঙ্গবন্ধু বিষয়ক বই প্রদর্শন ও বিক্রয়;<br>খ) সাংস্কৃতিক অনুষ্ঠান: আবৃত্তি প্রযোজনা- 'স্বাধীন জাতির স্বাধীন পিতা';<br>গ) 'তরুণ লেখক কমসূচি'র উদ্বোধন;<br>ঘ) একাডেমির জাদুঘর সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত খোলা রাখা হবে। | বাংলা একাডেমি। |
| ২.৯ | ক) ১৮ মার্চ ২০২৪ তারিখ ৭ই মার্চের ভাষণের উপর শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং অসমাপ্ত আত্মজীবনী বইয়ের উপর উন্মুক্ত বই পাঠের পর কিশোরদের কুইজ প্রতিযোগিতা;<br>খ) ২০ মার্চ ২০২৪ তারিখ আলোচনা সভা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করা হবে। | আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর। |
| ২.১০ | আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। | কবি নজরুল ইন্সটিটিউট। |
| ২.১১ | ১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করা হবে। | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন। |
| ২.১২ | আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে আলোচনা সভা, শিশুমেলা, শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |

| | | |
|---|---|---|
| | জেলা/উপজেলা শিল্পকলা একাডেমিসমূহ জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করবে। | |
| ২.১৩ | আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখ উপজেলা, জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীর ওপর রচনা, কবিতা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করা হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর। |
| ২.১৪ | ১৭ই মার্চ উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটি নিয়ে ঢাকাস্থ বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজে মাসব্যাপী গ্রন্থপাঠ কার্যক্রমের আয়োজন করা হয়েছে। গত ৫ই মার্চ এই কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। | জাতীয় গ্রন্থকেন্দ্র |
| ২.১৫ | আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক জেলা প্রশাসন/ উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে অনুষ্ঠান আয়োজন করতে হবে। এছাড়াও এ সকল প্রতিষ্ঠান তাদের নিজস্ব ব্যবস্থাপনায় প্রদর্শনী বা সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে পারবে। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/কক্সবাজার/বান্দরবান, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি/রাজশাহী, মণিপুরী ললিতকলা একাডেমি, মৌলভীবাজার। |

৩.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৪তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/৩/২৪

খলিল আহমদ
সচিব

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৬৬.২১. ২০২

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০
১৩ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. রেজিস্ট্রার অফ কপিরাইটস, বাংলাদেশ কপিরাইট অফিস;
৩. মহাপরিচালক/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক, বাংলা একাডেমি/বাংলাদেশ জাতীয় জাদুঘর/আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর/প্রত্নতত্ত্ব অধিদপ্তর/গণগ্রন্থাগার অধিদপ্তর/বাংলাদেশ শিল্পকলা একাডেমি/কবি নজরুল ইনস্টিটিউট/বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, ঢাকা;
৪. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা;
৬. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
৭. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
৮. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
৯. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
১০. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
১১. উপপরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;

e:\admin file (29-09-2019)\meeting.docx 417

১২. উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী;
১৩. উপপরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমি, মৌলভীবাজার।

অনুলিপি জ্ঞাতার্থে এবং কার্যার্থে:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. অফিস কপি।

১৩/০৩/২০২৪

(আইরীন ফারজানা)
উপসচিব
ফোন: ৫৫১০০৬৬৮
ই-মেইল: event.section@moca.gov.bd